রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**পুলিশ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ/২৯ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৪৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, পুলিশ বিভাগ (নন-পুলিশ কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর—

"পুলিশ হাসপাতাল" শিরোনামের ক্রমিক নং ২০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নবর্ণিত নূতন শিরোনাম, ক্রমিক নং এবং এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা :—

**সিলেট মেট্রোপলিটন পুলিশ (এসএমপি)**

| ক্রঃ নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (০১) | মেডিকেল অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | প্রেষণে বদলীর মাধ্যমে | **প্রেষণে বদলীর ক্ষেত্রে:** বি,সি,এস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| (০২) | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |



**মূল্য ঃ** টাকা ৮.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (০৩) | হিসাবরক্ষণ অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) হিসাবরক্ষক পদে অন্যূন ০৮ (আট) বৎসরের চাকুরী; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (০৪) | সাব এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে পুর কৌশল (Civil Engineering) বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমাধারী সনদপ্রাপ্ত।<br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে:**<br>গণপূর্ত অধিদপ্তরের সমমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| (০৫) | ফার্মাসিস্ট/ কম্পাউন্ডার | - | প্রেষণে বদলীর মাধ্যমে। | স্বাস্থ্য অধিদপ্তর হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| (০৬) | প্রধান হকারী | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) উচ্চমান সহকারী বা রিডার পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকুরী;<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (০৭) | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and attached Departments) Recruitments Rules, 1978 অনুযায়ী; তবে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হইতে হইবে, যথা:—<br>ক) বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>খ) ইংরেজী প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | | |
| (০৮) | হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ক্যাশিয়ার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী;<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (০৯) | উচ্চমান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| (১০) | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and attached Departments) Recruitments Rules, 1978 অনুযায়ী; তবে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হইতে হইবে, যথা:—<br>ক) বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>খ) ইংরেজী প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | | |
| (১১) | কম্পিউটার অপারেটর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১২) | রিডার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| (১৩) | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (১৪) | নার্সিং সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) নার্সিং-এ ডিপ্লোমা কোর্সে সনদপ্রাপ্ত হইতে হইবে। |
| (১৫) | সারেং | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) নৌ-পরিবহণ অধিদপ্তর হইতে মাস্টার কমপিটিশন টেস্টে উত্তীর্ণ; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজের পূর্ব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১৬) | ড্রাইভার | The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate Recruitment Rules, 1984 অনুযায়ী)। | | |
| (১৭) | ড্রাফটসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে ড্রাফটম্যানশীপ ট্রেড কোর্সে উত্তীর্ণ বা ড্রাফটম্যানশীপে ডিপ্লোমা ডিগ্রী। |
| (১৮) | বিক্রয় সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১৯) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডিসপাস রাইডার, দপ্তরী, ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী; তবে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হইতে হইবে, যথা :—<br>ক) বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>খ) ইংরেজী প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | | |
| (২০) | ওয়ার্ড বয় | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২১) | অফিস সহায়ক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডিসপাস রাইডার, দপ্তরী, ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| (২২) | লস্কর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (২৩) | ওজনদার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (২৪) | গ্রিজার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (২৫) | পরিচ্ছন্নতা কর্মী | - | - | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। |
| (২৬) | বাবুর্চি | - | - | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আউট সোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd